



অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

রবিবার, সেপ্টেম্বর ১৫, ২০১৩

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়
প্রজ্ঞাপন

তারিখ, ২১ ভাদ্র ১৪২০ বঙ্গাব্দ/০৫ সেপ্টেম্বর ২০১৩ খ্রিস্টাব্দ

এস,আর,ও নং ২৯৭,-আইন/২০১৩।- মৎস্যখাদ্য ও পশুখাদ্য আইন, ২০১০ (২০১০ সনের ২ নং আইন) এর ধারা ২২ এ প্রদত্ত
ক্ষমতাবলে সরকার, নিম্নরূপ বিধিমালা প্রণয়ন করিল, যথাঃ-

১। সংক্ষিপ্ত শিরোনাম।- এই বিধিমালা পশুখাদ্য বিধিমালা, ২০১৩ নামে অভিহিত হইবে।

২। সংজ্ঞা।- বিষয় বা প্রসঙ্গের পরিপন্থী কোন কিছু না থাকিলে এই বিধিমালায়,-

- (ক) “আইন” অর্থ মৎস্যখাদ্য ও পশুখাদ্য আইন, ২০১০ (২০১০ সনের ২ নং আইন);
- (খ) “আদর্শ মাত্রা” অর্থ পশুর পুষ্টিসাধন এবং স্বাভাবিক দৈহিক বৃদ্ধি ও পশুর উৎপাদন বৃদ্ধির জন্য পশুখাদ্যে প্রয়োজনীয় পুষ্টি উপাদানসমূহ, যেমন- আর্দ্রতা, আঁশ, আমিষ, সেগহ, শর্করা, ভিটামিন, খনিজ লবণ, ইত্যাদির নির্ধারিত মাত্রা;
- (গ) “কারিগরি জনবল” অর্থ পশুপালন বিষয়ে বিএসসিএইচ (অনার্স)/ এমএস ইন প্রাণিপুষ্টি বিষয়ে অগ্রাধিকার/ ডিভিএম/ প্রাণিপুষ্টি বিষয়ে কোন স্বীকৃতি বিশ্ববিদ্যালয় হতে উচ্চতর ডিগ্রী;
- (ঘ) “খাদ্য উপকরণ” অর্থ তফসিল-১ ও তফসিল-২ এ বর্ণিত পশুখাদ্যে ব্যবহৃত বিভিন্ন খাদ্য উপকরণ, উপকরণের মিশ্রণ ও ফিড এডিটিভস;
- (ঙ) “তফসিল” অর্থ এই বিধিমালার তফসিল;
- (চ) “তৈরী পশুখাদ্য” অর্থ বিভিন্ন খাদ্য উপাদানের সমন্বয়ে বাণিজ্যিক ভিত্তিতে প্রস্তুত পশুখাদ্য;
- (ছ) “ভেজাল পশুখাদ্য” অর্থ আইনের ধারা ২ এর দফা (১১) এ সংজ্ঞায়িত ভেজাল পশুখাদ্য;
- (জ) “ভিটামিন এন্ড মিনারেল প্রিমিক্স” অর্থ পশুখাদ্যে ব্যবহৃত এমন সব ভিটামিন এবং মিনারেল উপাদান যাহা পশুখাদ্যে ভিটামিন ও মিনারেল ঘাটতি দূর করিয়া খাদ্যকে সুস্বাদু করিবে এবং পশুর দৈহিক বৃদ্ধি ও পশুর উৎপাদন বৃদ্ধিতে সহায়ক হইবে;
- (ঝ) “পশু” অর্থ আইনের ধারা ২ এর দফা (৫) এ সংজ্ঞায়িত পশু;
- (ঞ) “পশুখাদ্য” অর্থ আইনের ধারা ২ এর দফা (৬) এ সংজ্ঞায়িত পশুখাদ্য এবং এই বিধিতে উল্লিখিত ফিড প্রিমিক্স ও ফিড এডিটিভস;
- (ট) “ফরম” অর্থ তফসিল ১১ এ বর্ণিত ফরম-১ হইতে ফরম-১৩;
- (ঠ) “ফি” অর্থ তফসিল ১২ এ উল্লিখিত ফি;
- (ড) “ফিড এডিটিভস” অর্থ পশুখাদ্যের ভৌতিক গুণাবলি ও খাদ্যের গুণগতমান সংরক্ষণ ও উন্নত করাসহ পশুর ক্ষুধা বৃদ্ধি করিবার উদ্দেশ্যে মিশ্রিত উপাদানসমূহ;
- (ডে) “মান নিয়ন্ত্রণ ল্যাবরেটরী” অর্থ আইনের ধারা ২ এর দফা (১৫) এ সংজ্ঞায়িত মান নিয়ন্ত্রণ ল্যাবরেটরী;
- (ণ) “নমুনা” অর্থ খাদ্য ও পুষ্টিমান যাচাই করণের লক্ষ্যে ক্ষমতাপ্রাপ্ত কর্মকর্তা কর্তৃক পশুখাদ্য বা পশুখাদ্য উপকরণ হইতে দৈবচয়ন পদ্ধতিতে (random sampling) সংগৃহীত পশুখাদ্য ও খাদ্য উপকরণের যুক্তিসংগত পরিমাণ (কমপক্ষে ৫০০ গ্রাম);
- (ত) “লাইসেন্স” অর্থ আইনের ধারা ২ এর দফা (১৬) এ সংজ্ঞায়িত লাইসেন্স;
- (থ) “লাইসেন্সিং কর্তৃপক্ষ” অর্থ আইনের ধারা ৫ এ উল্লিখিত লাইসেন্সিং কর্তৃপক্ষ;
- (দ) “স্বত্বাধিকারী” অর্থ পশুখাদ্য প্রস্তুতকারক, আমদানিকারক, রপ্তানিকারক প্রতিষ্ঠান, পশুখাদ্য গুদাম, পাইকারী ও খুচরা বিক্রেতা, প্রতিষ্ঠান এর মালিক বা তৎকর্তৃক মনোনীত বা নিয়োগকৃত কোন প্রতিনিধি;
- (ধ) “স্বাস্থ্যকর পরিবেশ” অর্থ জনস্বাস্থ্যের পক্ষে ক্ষতিকর জীবাণু বা অন্য কোন দ্রব্য বা উপাদান অথবা রম্মচি বাহির্ভূত বস্তুমুক্ত অনুকূল পরিবেশ, যাহা জনস্বাস্থ্যের অবনতি ঘটায় না;
- (নে) “ক্ষতিকারক দ্রব্য বা উপাদান” অর্থ পশুখাদ্যে যে সকল উপাদান বিদ্যমান থাকিলে বা যোগ করা হইলে পশুর বিপাকীয় কার্যাবলীতে বিঘ্ন ঘটে বা পশুর দৈহিক বৃদ্ধি ও পশুর উৎপাদন বৃদ্ধি ব্যাহত হয়, উৎপাদন হাস পায়, বিষক্রিয়া হয় এবং পশুর মৃত্যু ঘটিতে পারে;

৩। লাইসেন্স এর জন্য আবেদন পদ্ধতি।-(১) আইনের ধারা ৬ এর উপ-ধারা (১) অনুযায়ী কোন ব্যক্তিকে লাইসেন্স প্রাপ্তির জন্য বিধি ৪ এ উল্লিখিত ক্যাটাগরি অনুযায়ী ফরম-১, ফরম-২ বা, ক্ষেত্রমত, ফরম-৩ এ লাইসেন্সিং কর্তৃপক্ষের নিকট আবেদন করিতে হইবে।

(২) উপ-বিধি (১) এর অধীন লাইসেন্স এর জন্য আবেদনের ক্ষেত্রে তফসিল ১২ এ উল্লিখিত আবেদন ফি পরিশোধ করিতে হইবে।

(৩) লাইসেন্সিং কর্তৃপক্ষ উপ-বিধি (১) এর অধীন প্রাপ্ত আবেদন যাচাই-বাছাই পূর্বক তফসিল ৩ এ উল্লিখিত শর্তাবলী পালন সম্পর্কে সন্তুষ্ট হইলে আবেদনকারীকে ফরম-৭ এ তফসিল ১২ এ উল্লিখিত লাইসেন্স ফি জমা প্রদানের জন্য নির্দেশ প্রদান করিবে এবং আবেদনকারী লাইসেন্স ফি জমা প্রদান করিলে ফরম-৪, ফরম-৫ বা, ক্ষেত্রমত, ফরম-৬ এ লাইসেন্স ইস্যু করিবে।

(৪) লাইসেন্সিং কর্তৃপক্ষ আইনের ধারা ৬ এর উপ-ধারা (২) এর দফা (খ) অনুযায়ী কোন ব্যক্তিকে লাইসেন্স এর শর্তাবলী পূরণ করিবার জন্য ফরম ৯ এ অতিরিক্ত সময় প্রদান করিতে পারিবে।

(৫) আইনের ধারা ৬ এর উপ-ধারা (২) এর দফা (খ) এবং (গ) এর বিধান অনুযায়ী আবেদনকারী লাইসেন্সের শর্তাবলী পূরণ করিতে ব্যর্থ হইলে লাইসেন্সিং কর্তৃপক্ষ ফরম-৮ এ আবেদনকারীর আবেদন না মঞ্জুর করিতে পারিবে।

৪। আবেদনকারীর ক্যাটাগরি এবং ফি, ইত্যাদি।- (১) লাইসেন্স এর জন্য আবেদন করিবার ক্ষেত্রে নিম্নবর্ণিত ৩ (তিন) টি ক্যাটাগরি থাকিবে, যথাঃ-

- (ক) ক্যাটাগরি-১ঃ পশুখাদ্য উৎপাদক বা প্রক্রিয়াজাতকারক বা সংরক্ষক ও বাজারজাতকারক;
- (খ) ক্যাটাগরি-২ঃ পশুখাদ্য আমদানিকারক বা রপ্তানিকারক বা সংরক্ষক বা বাজারজাতকারক; এবং
- (গ) ক্যাটাগরি-৩ঃ পশুখাদ্য বিক্রয়কারক, যিনি গড়ে অনূন ১০ টন বা তদুর্ধ্ব পরিমাণ পশুখাদ্য বিক্রয় করেন।

(২) উপ-বিধি (১) এ বর্ণিত ক্যাটাগরির আবেদন ফি, লাইসেন্স ফি, নবায়ন ফি ও আপিল ফি এবং লাইসেন্সের মেয়াদ তফসিল ১২ অনুসারে প্রদেয় হইবে।

৫। লাইসেন্স স্থগিত বা বাতিলকরণ।- (১) কোন লাইসেন্স গ্রহীতা বিধি ৭ এর বিধান বা, ক্ষেত্রমত, তফসিল ৩ এ উল্লিখিত শর্তাবলী পালন না করিলে উক্ত লাইসেন্স স্থগিত বা বাতিলের উদ্দেশ্যে লাইসেন্সিং কর্তৃপক্ষ লাইসেন্স গ্রহীতাকে ফরম-১০ এ ১৫ (পনের) দিনের মধ্যে কারণ দর্শানো নোটিশ জারী করিতে পারিবে।

(২) উপ-বিধি (১) এ উল্লিখিত নোটিশ প্রাপ্তির পর লাইসেন্স গ্রহীতা নির্ধারিত সময়সীমার মধ্যে কারণ না দর্শাইলে অথবা প্রদত্ত জবাব লাইসেন্সিং কর্তৃপক্ষের নিকট সন্তোষজনক প্রতীয়মান না হইলে, লাইসেন্সিং কর্তৃপক্ষ উক্ত জবাব প্রাপ্তির বা জবাব প্রদানের জন্য নির্ধারিত সময় অতিক্রমের ১৫ (পনের) দিনের মধ্যে ফরম-১১ এ উক্ত লাইসেন্স গ্রহীতার লাইসেন্স স্থগিত বা বাতিল করিতে পারিবে।

৬। আপীল ও পুনর্বিবেচনা।- (১) আইনের ধারা ৯ এর উপ-ধারা (১) এর অধীন কোন লাইসেন্স স্থগিত বা বাতিলের ক্ষেত্রে লাইসেন্স গ্রহীতা তফসিল ১২ এ বর্ণিত আপীল ফি পরিশোধ সাপেক্ষে ফরম-১২ এ লাইসেন্স স্থগিত বা বাতিলকরণ আদেশের বিরুদ্ধে সরকারের নিকট আপীল করিতে পারিবে।

(২) আইনের ধারা ৯ এর উপ-ধারা (২) এর শর্তাংশ অনুযায়ী কোন আবেদনকারী আপীল আদেশ পুনর্বিবেচনার জন্য ফরম-১৩ এ আবেদন করিতে পারিবে।

৭। পশুখাদ্যের আদর্শমাত্রা।- তফসিল ৪(ক), ৪(খ), ৪(গ), ৪(ঘ), ৪(ঙ), ৪(চ), ৪(ছ), ৪(জ), ৫(ক), ৫(খ), ৬(ক), ৬(খ), ৭(ক), ৭(খ), ৭(গ), ৭(ঘ), ৮(ক), ৮(খ), ৮(গ), এ উল্লিখিত আদর্শমাত্রা এবং তফসিল ৯ এ বর্ণিত পশুখাদ্যের নমুনা বিশ্লেষণের অনুমোদিত পদ্ধতি অনুসরণপূর্বক পশুখাদ্য প্রস্তুত করিতে হইবে।

৮। পশুখাদ্য মান যাচাইয়ের লক্ষে নমুনা সংগ্রহ, মান নিয়ন্ত্রণ, ল্যাবরেটরিতে প্রেরণ এবং ফি পরিশোধ, ইত্যাদি।- (১) আমদানিকৃত বা দেশে উৎপাদিত যে কোন পশুখাদ্যের বাণিজ্যিক উৎপাদন বা বাজারজাতকরণের যে কোন পর্যায়ে উহার মান যাচাইয়ের উদ্দেশ্যে লাইসেন্সিং কর্তৃপক্ষ কোন স্বত্বাধিকারীর নিকট হইতে অক্ষত (intact) প্যাকেট বা বস্তা হইতে দ্বৈবচয়ন পদ্ধতিতে (random sampling) অন্যান্য ৫০০ গ্রাম পশুখাদ্যের অন্যান্য ৩ (তিন) টি নমুনা সংগ্রহ করিবে।

(২) লাইসেন্সিং কর্তৃপক্ষ উপ-বিধি (১) এর অধীন সংগৃহীত নমুনা প্যাকেটবদ্ধ ও সিলগালা করিয়া প্যাকেটের গায়ে লাইসেন্সিং কর্তৃপক্ষ ও যাহার তত্ত্বাবধান হইতে নমুনা সংগ্রহ করা হইয়াছে তাহার বা তাহার মনোনীত প্রতিনিধির স্বাক্ষরসহ অন্যান্য ৪ (চার) কার্য দিবসের মধ্যে সরকার কর্তৃক নির্ধারিত যে কোন মান নিয়ন্ত্রণ ল্যাবরেটরীতে পরীক্ষার জন্য প্রেরণ করিবে এবং অপর ২ (দুই) টি নমুনার মধ্যে ১ (এক) টি নমুনা ককক স্বত্বাধিকারী সংরক্ষণ করিবে এবং অপরটি লাইসেন্সিং কর্তৃপক্ষ সংরক্ষণ করিবে।

(৩) মান নিয়ন্ত্রণ ল্যাবরেটরী উপ-বিধি (১) এর অধীন সংগৃহীত নমুনা প্রাপ্তির অন্যান্য ২০ (বিশ) কার্যদিবসের মধ্যে উক্ত নমুনা পরীক্ষার প্রতিবেদন গোপনীয়তা রক্ষাপূর্বক লাইসেন্সিং কর্তৃপক্ষের নিকট প্রেরণ করিবেঃ

তবে শর্ত থাকে যে, সংশ্লিষ্টমান নিয়ন্ত্রণ ল্যাবরেটরী নির্ধারিত ২০ (বিশ) কার্যদিবসের মধ্যে উক্ত নমুনা পরীক্ষার প্রতিবেদন প্রদান করিতে অসমর্থ হইলে যুক্তিসঙ্গত কারণ উল্লেখপূর্বক অতিরিক্ত ১০ (দশ) কার্যদিবসের মধ্যে উক্ত প্রতিবেদন লাইসেন্সিং কর্তৃপক্ষের নিকট প্রেরণ করিবে।

(৪) মান নিয়ন্ত্রণ ল্যাবরেটরী কর্তৃক নমুনা পরীক্ষার প্রতিবেদন সম্পর্কে কোন স্বত্বাধিকারী সংক্ষুব্ধ হইলে সংগৃহীত নমুনা সরকার কর্তৃক নির্ধারিত অন্য কোন মান নিয়ন্ত্রণ ল্যাবরেটরীতে পরীক্ষার জন্য লাইসেন্সিং কর্তৃপক্ষকে অনুরোধ জ্ঞাপন করিতে পারিবে।

(৫) উপ-বিধি (৪) এর অধীন অনুরোধ প্রাপ্তির পর লাইসেন্সিং কর্তৃপক্ষ সংগৃহীত নমুনা পুনঃপরীক্ষার বিষয়ে সন্তুষ্ট হইলে, উক্ত পশুখাদ্যের সংগৃহীত অন্য একটি নমুনা সরকার কর্তৃক নির্ধারিত অন্য কোন মান নিয়ন্ত্রণ ল্যাবরেটরীতে প্রেরণ করিতে পারিবে।

(৬) কোন পশুখাদ্য ২(দুই) টি মান নিয়ন্ত্রণ ল্যাবরেটরীতে পরীক্ষার পর অসংগতিপূর্ণ বা ভিন্ন ভিন্ন প্রতিবেদন বা ফলাফল পাওয়া গেলে লাইসেন্সিং কর্তৃপক্ষ উক্ত পশুখাদ্যের নমুনা সরকার কর্তৃক নির্ধারিত তৃতীয় কোন মান নিয়ন্ত্রণ ল্যাবরেটরীতে পরীক্ষা করাইতে পারিবে।

(৭) কোন পশুখাদ্য ৩(তিন) টি মান নিয়ন্ত্রণ ল্যাবরেটরীতে পরীক্ষা করা হইলে যে ২ (দুই) টি মান নিয়ন্ত্রণ ল্যাবরেটরীর পরীক্ষার ফলাফল অনুরূপ বা কাছাকাছি হইবে উহার ভিত্তিতে লাইসেন্সিং কর্তৃপক্ষ উক্ত পশুখাদ্যের পুষ্টিমান বিবেচনা করিবে।

(৮) পশুখাদ্য বা পশুখাদ্য উপকরণের মান নিয়ন্ত্রণের জন্য লাইসেন্সিং কর্তৃপক্ষ কর্তৃক প্রেরিত নমুনার সকল প্রয়োজনীয় পরীক্ষা মান নিয়ন্ত্রণ ল্যাবরেটরী বিনামূল্যে সম্পন্ন করিবে।

(৯) পশুখাদ্যের উপকরণের আদর্শমাত্রা বা পুষ্টিমান নির্ণয়ের জন্য তফসিল ৯ এ বর্ণিত নমুনা বিশ্লেষণের অনুমোদিত পদ্ধতি অনুসরণপূর্বক নিম্নবর্ণিত পদ্ধতিতে প্রক্সিমেট বিশ্লেষণ করা যাইবে যথাঃ-

- (ক) ক্রুড আমিষঃ জেলডাল পদ্ধতি, জেলটেক পদ্ধতি বা তফসিল ৯ এ বর্ণিত পদ্ধতি বা বৈজ্ঞানিকভাবে স্বীকৃত অন্য কোন পদ্ধতি;
- (খ) ইথার এক্সট্রাকশনঃ সফ্রটেক পদ্ধতি, সফ্রলেট পদ্ধতি (এন-হেক্সেন) বা তফসিল ৯ এ বর্ণিত পদ্ধতি বা বৈজ্ঞানিকভাবে স্বীকৃত অন্য কোন পদ্ধতি;
- (গ) জলীয় অংশঃ হট এয়ার ড্রাইং ওভেন, ভ্যাকুয়াম ড্রাইং ওভেন, টলোইন ডিস্টিলেশন পদ্ধতি বা তফসিল ৯ এ বর্ণিত পদ্ধতি বা বৈজ্ঞানিকভাবে স্বীকৃত অন্য কোন পদ্ধতি;
- (ঘ) এ্যাশ বা ছাইঃ মাফেল ফার্গেস এ বর্ণিত পদ্ধতি বা তফসিল ৯ এ বর্ণিত পদ্ধতি বা বৈজ্ঞানিকভাবে স্বীকৃত অন্য কোন পদ্ধতি;
- (ঙ) ক্রুড ফাইবারঃ ফাইবার ক্যাপ/ ব্যাগ, ফাইবার টেক, ম্যানুয়েল এক্সট্রাকশন পদ্ধতি বা তফসিল ৯ এ বর্ণিত পদ্ধতি বা বৈজ্ঞানিকভাবে স্বীকৃত অন্য কোন পদ্ধতি; এবং
- (চ) নাইট্রোজেন ফ্রি এক্সট্রাক্টঃ ক্যালকুলেশনের মাধ্যমে;

৯। পাত্র ও লেবেলিং।- আইনের ধারা ১৩ এর বিধান অনুসারে কোন তৈরী পশুখাদ্য বাজারজাত করিবার ক্ষেত্রে পশুখাদ্যের পাত্র বা প্যাকেটে আইনে বর্ণিত বিষয়াবলীর অতিরিক্ত হিসেবে নিম্নবর্ণিত বিষয়গুলির উল্লেখ থাকিতে হইবে, যথাঃ-

- (ক) পশুখাদ্যে আদর্শ মাত্রা অনুযায়ী তৈরি পশুখাদ্যে বিভিন্ন পুষ্টি উপাদানের শতকরা হার এবং তফসিল ৪(ক), ৪(খ), ৪(গ), ৪(ঘ), ৪(ঙ), ৪(চ), ৪(ছ), ৪(জ), ৫(ক), ৫(খ), ৬(ক), ৬(খ), ৭(ক), ৭(খ), ৭(গ), ৭(ঘ), ৮(ক), ৮(খ), ৮(গ), এ বর্ণিত পুষ্টি উপাদানসমূহের নাম (সমসাম পুষ্টি উপাদান প্যাকেটের গায়ে লিপিবদ্ধ করা না গেলেও অত্যাবশ্যকীয় উপাদানসমূহ লিপিবদ্ধ করিতে হইবে); এবং
- (খ) 'শুধু মাত্র পশুখাদ্য হিসেবে ব্যবহার্য' শীর্ষক লেবেল।

১০। কারখানা বা সংশ্লিষ্টস্থানে প্রবেশ, ইত্যাদি।- (১) লাইসেন্সিং কর্তৃপক্ষ আইনের ধারা ১৫ এ প্রদত্ত ক্ষমতাবলে কোন স্থানে প্রবেশের সময় আইন প্রয়োগকারী সংস্থা বা সংশ্লিষ্টপ্রশাসনিক কর্তৃপক্ষের সহায়তা গ্রহণ করিতে পারিবে এবং উক্ত সংস্থা বা কর্তৃপক্ষ লাইসেন্সিং কর্তৃপক্ষকে যথাযথভাবে সহযোগীতা প্রদান করিবে।

(২) উপ-বিধি (১) এ বর্ণিত এলাকায় প্রবেশ করিবার পূর্বে লাইসেন্সিং কর্তৃপক্ষ, উক্ত পরিদর্শন দলের প্রত্যেক সদস্যের প্রয়োজনীয় স্বাস্থ্যসম্মত ব্যবস্থাদি গ্রহণ করিবে।

১১। ক্ষতিকর ও ভেজাল পশুখাদ্য বিনষ্টকরণ, শোধন, ইত্যাদি।- (১) আইনের ধারা ১৪ এর উদ্দেশ্যে পূরণকল্পে লাইসেন্সিং কর্তৃপক্ষ নিষিদ্ধ পশুখাদ্য তফসিল ১০ এ বর্ণিত পদ্ধতি অনুসরণপূর্বক বিনষ্ট বা, ক্ষেত্রমত, শোধন করিবার নির্দেশ দিতে পারিবে।

(২) পশুখাদ্যে নিষিদ্ধ ঘোষিত এন্টিবায়োটিক, কীটনাশক, গ্রোথ হরমোন, ইত্যাদির উপস্থিতি প্রমাণিত হইলে উক্ত পশুখাদ্য প্যাকেট বা বসত্মা হইতে বিমুক্ত করিয়া ধ্বংস বা বিনষ্ট করিতে হইবে।

(৩) পশুখাদ্যে বিনষ্ট করিবার যাবতীয় ব্যয় সংশ্লিষ্টস্বত্বাধিকারীকে বহন করিতে হইবে।

তফসিল

তফসিল-১
[বিধি-২ (খ) দৃষ্টব্য]
সহজলভ্য খাদ্য উপকরণের শ্রেণী বিন্যাস

পুষ্টির শ্রেণী বিন্যাস	খাদ্য উপকরণ
১। শক্তির উৎসঃ (ক) আঁশ জাতীয়	খড়, হে, ভূট্টার মোচা, ভূট্টার গাছ, আখের পাতা, আখের ছোবড়া, সবুজ ঘাস, সাইলেজ, জলজ উদ্ভিদ ঘাসের পিলেট, গাছের পাতা, অন্যান্য শস্যের ও ফলের উপজাত যেমন: আনারস পাল্ল, আম পাল্ল, আখের উপজাত- মোলাসেস।
(খ) দানা ও দানার উপজাত	ভূট্টা, গম, চাল, বার্লি, ওট, বাজরা, জোয়ার, কাউন, গমের ভূষি, চাল ভাঙ্গা, চালের কুড়া (তেল বিহীন), চালের কুড়া (তেলযুক্ত), কাসাভা, শূক্ক আলু মিল।
(গ) তেল জাতীয়	সয়াবিন তেল, পাম তেল (পাউডার ও তরল), নারিকেল তেল, মাছের তেল।
২। আমিষের উৎসঃ (ক) উদ্ভিদ	সয়াবিন মিল, তিলের খৈল, পাম খৈল, সরিষার খৈল, রেপসীড মিল, সূর্যমুখীর খৈল, নারিকেল খৈল, বাদাম খৈল, তুলাবীজের খৈল, ডাল জাতীয় শস্য ও উপজাত, সয়াবিন, কর্ণ গম্বুটেন মিল, তিসির খৈল, ধৈখণা বীজ, কাউপি, ডাক উইড মিল, মেইজ গম্বুটেন মিল।
(খ) প্রাণীজ	জীবাণুমুক্ত ফিস মিল, মিট মিল, মিট এন্ড বোন মিল, পাউডার স্কীম মিল্ক, ফেদার মিল, হ্যাচারী উপজাত, নাড়ীভূড়ির পাউডার (ওফাল মিল), সিক্ক ওয়ার্ম পিউপা পাউডার।
(গ) এমাইনো এসিডস	প্রাকৃতিক উৎস থেকে প্রাপ্ত এবং সিনথেটিক এমাইনো এসিডস।
৩। মিনারেলস (খনিজ উৎস)	বোন মিল, মনো ক্যালসিয়াম ফসফেট, ডাই ক্যালসিয়াম ফসফেট, ট্রাই ক্যালসিয়াম ফসফেট, লাইম স্টোন, শামুক ও বিনুক চূর্ণ, খাদ্য লবণ, ডিমের খোসার চূর্ণ, রক ফসফেট।
৪। ভিটামিনস	প্রাকৃতিক উৎস থেকে প্রাপ্ত এবং সিনথেটিক ভিটামিনস।
৫। পানি	বিশুদ্ধ পানি।
৬। অন্যান্য	ফিড এডিটিভস (টেক্সটাইন বাইন্ডার, পিলেট বাইন্ডার, এনজাইম, এন্টিবায়োটিক মুক্ত গ্রোথ প্রমোটার), ফিড প্রিমিক্স, এন্টি-অক্সিডেন্ট, ককসিডিওস্ট্যাট, এসিডিফায়ার, রঞ্জক, ফ্লোরিড এজেন্ট, মোল্ড ইনহিবিটর, সালমোনোলা ইনহিবিটর, প্রিভায়োটিক, প্রোবায়োটিক, শূক্ক ইষ্ট, ইলেক্ট্রোলাইটস।

তফসিল-২
[বিধি-২ (খ) দ্রষ্টব্য]

পশুখাদ্যে ব্যবহৃত প্রচলিত খাদ্যের মানের বর্ণনা

বার্লি (Barley)

ভৌত মান	পুষ্টি উপাদান	মমত্বব্য
বর্ণঃ হালকা ধূসর বর্ণের	আর্দ্রতাঃ সর্বোচ্চ- ১২%	যে কোন ধরনের কীটনাশক মুক্ত।
গন্ধঃ বার্লির স্বাভাবিক গন্ধযুক্ত। অন্য কোন গন্ধযুক্ত নয়	আফলাটক্সিনঃ সর্বোচ্চ- ২০ পিপিবি	
	অন্যান্য পদার্থের মিশ্রণঃ সর্বোচ্চ- ৩%	
	অন্যান্য দানার মিশ্রণঃ সর্বোচ্চ- ২%	

চাউল ভাংগা (Broken rice)ঃ

ভৌত মান	পুষ্টি উপাদান	মমত্বব্য
বর্ণঃ সাদা বা বাদামী	আর্দ্রতাঃ সর্বোচ্চ- ১৪%	যে কোন ধরনের কীটনাশক মুক্ত, অতি অল্প মাত্রায় তুষযুক্ত এবং সম্পূর্ণভাবে কোকুন বর্জিত।
গন্ধঃ চালের স্বাভাবিক গন্ধযুক্ত, বাসি গন্ধ বর্জিত এবং ছত্রাক গন্ধমুক্ত।	আফলাটক্সিনঃ সর্বোচ্চ- ২০ পিপিবি	
	অন্যান্য পদার্থের মিশ্রণঃ সর্বোচ্চ- ৩%	
	দানার মিশ্রণঃ সর্বোচ্চ- ২%	

ব্লাড মিল (Blood meal)ঃ

ভৌত মান	পুষ্টি উপাদান	মমত্বব্য
বর্ণঃ গাঢ় রংয়ের হালকা লাল বর্ণের থেকে উজ্জ্বল রংয়ের	আর্দ্রতাঃ সর্বোচ্চ- ১০%	অন্যান্য পদার্থ মিশ্রণ সম্পূর্ণভাবে মুক্ত।
গন্ধঃ গন্ধহীন	আমিষঃ সর্বনিম্ন- ৭০%	
	সালমোনেলাঃ নেগেটিভ	

কাসাভা মিল (Casaba meal)ঃ

ভৌত মান	পুষ্টি উপাদান	মমত্বব্য
বর্ণঃ সাদা	আর্দ্রতাঃ সর্বোচ্চ- ১৩%	ছত্রাক ও মোল্ড মুক্ত।
গন্ধঃ মিষ্টি গন্ধযুক্ত, বাসি গন্ধ বর্জিত।	আফলাটক্সিনঃ সর্বোচ্চ- ২০পিপিবি	
	অন্যান্য পদার্থের মিশ্রণঃ সর্বোচ্চ- ২%	

নারিকেল তেল (Coconut oil)ঃ

ভৌত মান	পুষ্টি উপাদান	মমত্বব্য
বর্ণঃ নারিকেল তেলের স্বাভাবিক বর্ণযুক্ত, তরল, গাঢ় হলুদ থেকে উজ্জ্বল হলুদ বর্ণের। ঘোলাটে রং অধিক আর্দ্রতার পরিচায়ক।	আর্দ্রতাঃ সর্বোচ্চ- ২%	অন্য পদার্থের সংমিশ্রণ বর্জিত।
	লাবিব এসিড হিসেবে মুক্ত ফ্যাটি এসিডঃ সর্বোচ্চ- ৫%	
	পার অক্সাইড মানঃ সর্বোচ্চ- ৭%	

ঝোলা গুড় (Molasses)

ভৌত মান	পুষ্টি উপাদান	মমত্বব্য
বর্ণঃ বাদামী থেকে গাঢ় বাদামী রংয়ের।	আর্দ্রতাঃ সর্বোচ্চ- ২২% ব্রিরিক্সঃ ৭৫ ডিগ্রী	সরবরাহ চালানের ঝোলাগুড় অতিরিক্ত ফেনা বা বাতাস মুক্ত। ঝোলাগুড়

	ব্রিটন হাইড্রোমিটারে চিনির মাত্রাঃ সর্বোচ্চ- ৭৮%	সালফোটেট এবং লিগনিন মুক্ত।
গন্ধঃ স্বভাবিক বোলা গুড় গন্ধযুক্ত। কোন রকমের জীবানু আক্রামণ গন্ধযুক্ত নয়।		

নারিকেল খৈল (Coconut meal)ঃ

ভৌত মান	পুষ্টি উপাদান	মমত্বাব্য
বর্ণঃ হালকা বাদামী থেকে বাদামী বর্ণের।	আর্দ্রতাঃ সর্বোচ্চ- ১২%	ছত্রাক ও কীটপতঙ্গ মুক্ত এবং অন্যান্য পদার্থের সংমিশ্রণ মুক্ত।
	আমিষঃ সর্বনিম্ন- ১৮%	
	আঁশঃ সর্বোচ্চ- ১০%	
গন্ধঃ নারিকেলের গন্ধযুক্ত এবং বাদামের ন্যায় সুগন্ধ যুক্ত। রেনসিড গন্ধ বা অন্য গন্ধযুক্ত নয়।	আফলাটক্সিনঃ সর্বোচ্চ- ৫০পিপিবি	

ফিস মিল, গ্রেড এ (Fish meal, Grade A)ঃ

ভৌত মান	পুষ্টি উপাদান	মমত্বাব্য
বর্ণঃ হালকা বাদামী থেকে লালচে বাদামী রংয়ের।	আর্দ্রতাঃ সর্বোচ্চ- ১০%	ছত্রাক ও কীটপতঙ্গ মুক্ত এবং অন্যান্য পদার্থের সংমিশ্রণ মুক্ত।
	আমিষঃ সর্বনিম্ন- ৬০%	
	চর্বিঃ সর্বোচ্চ ১২%	
	খনিজ পদার্থঃ সর্বোচ্চ- ৩%	
	ক্যালসিয়ামঃ সর্বোচ্চ- ৬%	
গন্ধঃ মাছের হালকা গন্ধ যুক্ত তবে বাসি বা পঁচা গন্ধ যুক্ত নয়।	ফসফরাসঃ সর্বনিম্ন- ২%	
	সালমোনেলাঃ নেগেটিভ	

ফিস মিল, গ্রেড বি (Fish meal, Grade B)t

ভৌত মান	পুষ্টি উপাদান	মমত্বাব্য
বর্ণঃ হালকা বাদামী থেকে লালচে বাদামী রংয়ের।	আর্দ্রতাঃ সর্বোচ্চ- ১০%	ছত্রাক ও কীট পতঙ্গ মুক্ত এবং অন্যান্য পদার্থের সংমিশ্রণ মুক্ত।
	আমিষঃ সর্বনিম্ন-৫০%	
	চর্বিঃ সর্বোচ্চ- ১২%	
	খনিজ পদার্থঃ সর্বোচ্চ- ৩%	
	ক্যালসিয়ামঃ সর্বোচ্চ- ৮%	
গন্ধঃ মাছের হালকা গন্ধ যুক্ত তবে বাসি বা পঁচা গন্ধযুক্ত নয়।	ফসফরাসঃ সর্বনিম্ন- ৩%	
	সালমোনেলাঃ নেগেটিভ	

ফিস মিল, গ্রেড সি (Fish meal, Grade C)t

ভৌত মান	পুষ্টি উপাদান	মমত্বাব্য
বর্ণঃ হালকা বাদামী থেকে লালচে বাদামী রংয়ের।	আর্দ্রতাঃ সর্বোচ্চ- ১০%	ছত্রাক ও কীট পতঙ্গ মুক্ত এবং অন্যান্য পদার্থের সংমিশ্রণ মুক্ত।
	আমিষঃ সর্বনিম্ন- ৪০%	
	চর্বিঃ সর্বোচ্চ- ৯%	
	সিলিকাঃ সর্বোচ্চ- ১%	
	খনিজ পদার্থঃ সর্বোচ্চ- ৩%	
	ক্যালসিয়ামঃ সর্বোচ্চ- ৮%	

গন্ধঃ মাছের হালকা গন্ধ যুক্ত তবে বাসি বা পঁচা গন্ধযুক্ত নয়।	ফসফরাসঃ সর্বনিম্ন- ৩%	
	সালমোনেলাঃ নেগেটিভ	

হাইড্রোলাইজড ফিদার মিল (Hydrolyzed feather meal)t

ভৌত মান	পুষ্টি উপাদান	মমত্বাব্য
বর্ণঃ সবুজার ধূসর।	আর্দ্রতাঃ সর্বোচ্চ- ১০%	অন্যান্য বাহ্যিক দ্রব্য মুক্ত
	আমিষঃ সর্বনিম্ন-৭৯%	
গন্ধঃ শূন্য ঘাসের গন্ধযুক্ত কোন পঁচা গন্ধযুক্ত নয়	সালমোনেলাঃ নেগেটিভ	

ইপিল ইপিল (Ipil ipil)

ভৌত মান	পুষ্টি উপাদান	মমত্বাব্য
বর্ণঃ সবুজ।	আর্দ্রতাঃ সর্বোচ্চ- ১২%	অন্যান্য বাহ্যিক দ্রব্য মুক্ত
	আমিষঃ সর্বনিম্ন- ২০%	
গন্ধঃ শূন্য ঘাসের গন্ধ যুক্ত কোন পঁচা গন্ধযুক্ত নয়	আঁশঃ সর্বোচ্চ- ১৩% জেনথোফিল মাত্রাঃ সর্বনিম্ন - ৫০০ মিঃ গ্রা/কেজি	

ভূট্টা দানা (Whole maize)

ভৌত মান	পুষ্টি উপাদান	মমত্বাব্য
বর্ণঃ গাঢ় হলুদ রংয়ের।	আর্দ্রতাঃ সর্বোচ্চ- ১৪%	কীটনাশক মুক্ত, পোকা খাওয়া ও ছত্রাক যুক্ত দানা সম্পূর্ণ বর্জিত।
	আলফাটক্সিনঃ সর্বোচ্চ-৫০ পিপিবি	
গন্ধঃ বাসি গন্ধমুক্ত, সতেজ গন্ধযুক্ত	ইমপিউরিটিসঃ সর্বোচ্চ ২% পোকা খাওয়া ও ক্ষতিগ্রস্ত দানার মরিমানঃ সর্বোচ্চ- ৩%	

ভূট্টা গলুটেন মিল (Maize gluten meal)

ভৌত মান	পুষ্টি উপাদান	মমত্বাব্য
বর্ণঃ বাদামী বর্ণের	আর্দ্রতাঃ সর্বোচ্চ- ১২%	কীটনাশক মুক্ত, পোকা খাওয়া ও ছত্রাকের কোন অসিদ্ধ থাকবে না।
	আলফাটক্সিনঃ সর্বোচ্চ- ৫০ পিপিবি	
গন্ধঃ বাসি গন্ধমুক্ত, সতেজ বাদামী গন্ধের	ইমপিউরিটিসঃ সর্বোচ্চ- ২% পোকা খাওয়া ও ক্ষতিগ্রস্ত দানার পরিমানঃ সর্বোচ্চ- ৩%	

চালের কুড়া, স্থানীয় ভাবে তৈরী (Rice polish, local)

ভৌত মান	পুষ্টি উপাদান	মমত্বাব্য
বর্ণঃ বাদামী বর্ণের গন্ধঃ সতেজ গন্ধযুক্ত। বাসী গন্ধ মুক্ত।	আর্দ্রতাঃ সর্বোচ্চ- ১২%	পোকা মাকড় ও কোকুনের অসিদ্ধ থাকিবে না। বহিরাগত পদার্থ থেকে মুক্ত থাকিবে। ধুলা ও জমাট মুক্ত হইবে। চালের কুড়াতে বেশি ফ্যাট থাকায় দ্রুত নষ্ট হয় সেজন্য চালের কুড়া তৈরীর পরপরই ব্যবহার করা উচিত অথবা সংরক্ষণ করিতে হইলে উপযুক্ত বায়ু চলাচলের ব্যবস্থা থাকিতে হইবে।
	আমিষঃ সর্বনিম্ন - ১১%	
	আঁশঃ সর্বোচ্চ- ১৫% আফলা টক্সিনঃ সর্বোচ্চ- ১০ পিপিবি	

চালের কুড়া, অটোমেটিক মেশিনে তৈরী (Rice polish, Auto)

ভৌত মান	পুষ্টি উপাদান	মমত্বাব্য
বর্ণঃ বাদামী বর্ণের	আর্দ্রতাঃ সর্বোচ্চ- ১২%	পোকা মাকড় ও কোকুনের অসিদ্ধিত থাকিবে না। বহিরাগত পদার্থ থেকে মুক্ত থাকিবে।
গন্ধঃ সতেজ গন্ধযুক্ত।	আমিষঃ সর্বনিম্ন - ১৩%	
বাদামী গন্ধ মুক্ত।	আঁশঃ সর্বোচ্চ- ৭%	
	আফলা টক্সিনঃ সর্বোচ্চ- ৫০ পিপিবি	

রেপ সীড মিল (Rape seed meal)

ভৌত মান	পুষ্টি উপাদান	মমত্বাব্য
বর্ণঃ সুগন্ধ বাদামী থেকে বাদামী	আর্দ্রতাঃ সর্বোচ্চ- ১২%	ছত্রাক ও পোকা মাকড়ের অসিদ্ধিত থাকিবে না। বহিরাগত পদার্থ থেকে মুক্ত থাকিবে। কোড়া থাকিবে না। গ্লুকোসিনোলেট (Glucosinolate) নিম্ন মাত্রায় থাকিবে।
গন্ধঃ সতেজ এবং বাদামের গন্ধযুক্ত।	আমিষঃ সর্বনিম্ন - ৩২%	
	আঁশঃ সর্বোচ্চ ১২%	
	আফলা টক্সিনঃ সর্বোচ্চ- ৫০ পিপিবি	

তিলের খৈল (Til oil cake)

ভৌত মান	পুষ্টি উপাদান	মমত্বাব্য
বর্ণঃ কালো থেকে গাঢ় বাদামী।	আর্দ্রতাঃ সর্বোচ্চ- ১২%	ছত্রাক ও পোকা মাকড়ের অসিদ্ধিত থাকিবে না। বহিরাগত পদার্থ থেকে মুক্ত থাকিবে এবং পরিষ্কার হতে হবে।
গন্ধঃ সতেজ বাদামী গন্ধ যুক্ত।	আমিষঃ সর্বনিম্ন - ২৫%	
	আঁশঃ সর্বোচ্চ- ২২%	
	আফলা টক্সিনঃ সর্বোচ্চ- ৫০ পিপিবি	

সয়াবিন তৈল (Soybean oil)

ভৌত মান	পুষ্টি উপাদান	মমত্বাব্য
বর্ণঃ স্বচ্ছ, বাদামী হলুদ রংয়ের বাদামী তেলের স্বাভাবিক রং।	আর্দ্রতাঃ সর্বোচ্চ- ২%	বহিরাগত পদার্থ হইতে মুক্ত থাকিবে।
গন্ধঃ সতেজ গন্ধযুক্ত	ফ্রি ফ্যাটি এসিড, অলিভঃ সর্বোচ্চ- ৬%	
	পার অক্সাইড ভ্যালুঃ সর্বোচ্চ-৭ এমইকিউ/কেজি	
	আফলা টক্সিনঃ সর্বোচ্চ ৫০ পিপিবি	

সয়াবিন মিল (Soybean meal)

ভৌত মান	পুষ্টি উপাদান	মমত্বাব্য
বর্ণঃ হলুদ ও বাদামী বর্ণের	আর্দ্রতাঃ সর্বোচ্চ- ১২%	ছত্রাক বা পোকা মাকড়ের অসিদ্ধিত থাকিবে না। বহিরাগত পদার্থ হইতে মুক্ত থাকিবে। উচ্চ তাপমাত্রায় প্রক্রিয়াজাত করার ফলে সয়াবিন মিলের বর্ণ পরিবর্তন ও পোড়া বস্তুর উপস্থিতি থাকা চলিবে না। কাঁচা সয়াবিনের স্বাদ মুক্ত থাকবে।
গন্ধঃ ফ্রেস। টক, বাসি গন্ধমুক্ত এবং আফলা টক্সিন মুক্ত।	আমিষঃ সর্বনিম্ন- ৪০%	
	আঁশঃ সর্বোচ্চ- ৭.৫%	
	সর্বোচ্চঃ ৫০% পিপিবি	
	ইউরেজ এ্যাকটিভিটিঃ ০.০৫-০.৩০	

গম (Wheat)

ভৌত মান	পুষ্টি উপাদান	মমত্বাব্য
বর্ণঃ হালকা বাদামী থেকে ফিকে সাদা।	আর্দ্রতাঃ সর্বোচ্চ- ১২%	সামান্য খোসা থাকিতে পারে। কোকুনের অসিদ্ধিত থাকিবে না। বহিরাগত পদার্থমুক্ত থাকিবে।
গন্ধঃ ফ্রেস। বাসী গন্ধ মুক্ত।	আমিষঃ সর্বোচ্চ- ১৬%	
	স্নেহ বা তেলঃ সর্বোচ্চ-৭.৫%	

	ফাইবারঃ সর্বোচ্চ- ১৩%	
--	-----------------------	--

গমের ভূসি (Wheat bran)

ভৌত মান	পুষ্টি উপাদান	মমত্বাব্য
বর্ণঃ হালকা বাদামী	আর্দ্রতাঃ সর্বোচ্চ- ১২%	কীট নাশকের অবশেষ থাকিবে না। পোকা মাকড়ের মাধ্যমে নষ্ট ভূষির অসিদ্ধ থাকিবে না।
গন্ধঃ ফ্রেস। বাসী গন্ধ মুক্ত।	আমিষঃ সর্বনিম্ন- ১২%	
	স্নেহ বা তেলঃ সর্বোচ্চ-৫%	
	আঁশঃ সর্বোচ্চ ১৩%	

মিট এন্ড বোন মিল (Meat and Bone Meal)

ভৌত মান	পুষ্টি উপাদান	মমত্বাব্য
বর্ণঃ খুসর বাদামী	আর্দ্রতাঃ সর্বোচ্চ- ১০%	এন্টি অক্সিডেন্ট এবং প্রিজারভেটিভস ব্যতীত বহিরাগত পদার্থমুক্ত থাকিবে। হাড়ের অংশ মিহি করে ভাঙ্গানো থাকিবে যা পৃথক করা যাইবে না।
গন্ধঃ ফ্রেস এবং আঁশটে গন্ধযুক্ত। পোড়া গন্ধযুক্ত নয়।	আমিষঃ সর্বনিম্ন- ৪৫%	
	খনিজ পদার্থ ঃ সর্বোচ্চ- ৩%	
	ক্যালসিয়ামঃ সর্বোচ্চ- ১১%	
	ফসফরাসঃ সর্বোচ্চ- ৪%	
	সালমোনেলা- নেগেটিভ	

সরিষার খৈল (Mustard oil cake)

ভৌত মান	পুষ্টি উপাদান	মমত্বাব্য
বর্ণঃ খুসর বাদামী থেকে কালো রংয়ের	আর্দ্রতাঃ সর্বোচ্চ- ১২%	ছত্রাক বা পোকা মাকড়ের অসিদ্ধ থাকিবে না। বহিরাগত পদার্থ থেকে মুক্ত থাকিবে।
গন্ধঃ স্বাভাবিক গন্ধযুক্ত।	আমিষঃ সর্বনিম্ন- ২৭.০%	
	আঁশঃ সর্বোচ্চ- ২০%	
	আফলা টক্সিনঃ সর্বোচ্চ- ৫০.০ পিপিবি	

তফসিল-৩

[বিধি-৩(৩) দ্রষ্টব্য]

লাইসেন্স প্রাপ্তির শর্ত

ক্রমিক নং	ক্যাটাগরি	শর্তাবলী
১।	পশুখাদ্য উৎপাদন, প্রক্রিয়াজাতকরণ, সংরক্ষণ ও বাজারজাতকারক (ক্যাটাগরি- ১)	(ক) হালনাগাদ আয়কর সনদ থাকিতে হইবে। (খ) কারিগরী জনবল থাকিতে হইবে। (গ) কারখানা, মেশিনারী, যন্ত্রপাতি ও সরঞ্জামাদি। (ঘ) মান নিয়ন্ত্রণ ল্যাবরেটরি থাকিতে হইবে। প্রযোজ্য ক্ষেত্রে SOP, GMP, HACCP ইত্যাদি থাকিতে হইবে। (ঙ) পশুখাদ্য উৎপাদন, প্রক্রিয়াজাতকরণ ও সংরক্ষণ ক্ষমতার তথ্যাবলী থাকিতে হইবে। (চ) প্যাকিং ও লেবেলিং বিষয়ে তথ্যাদি থাকিতে হইবে। (ছ) কারখানা ঘন জনবসতি এলাকার বাহিরে পর্যাপ্ত যোগাযোগ ব্যবস্থা থাকিতে হইবে। (জ) বর্জ্য ও পয়ঃনিষ্কাশন ব্যবস্থা থাকিতে হইবে। (ঝ) আয়কর ও ট্রেড লাইসেন্স (হালনাগাদ) থাকিতে হইবে।
২	পশুখাদ্য আমদানি, রপ্তানি, সংরক্ষণ ও বাজারজাতকারক (ক্যাটাগরি-২)	(ক) আমদানি ও রপ্তানি লাইসেন্স থাকিতে হইবে। (খ) হালনাগাদ আয়কর সনদ পত্র থাকিতে হইবে। (গ) পশুখাদ্য গুদামজাতকরণ উপযোগী মানসম্মত ও প্রয়োজনীয়

		<p>ধারণ ক্ষমতা সম্পন্ন গুদাম থাকিতে হইবে।</p> <p>(ঘ) প্যাকিং ও লেবেলিং ব্যবস্থাপনা থাকিতে হইবে।</p>
৩	পশুখাদ্য বিক্রয়কারক (ক্যাটাগরি-৩)	<p>(ক) বিক্রয়স্থলের পূর্ণাঙ্গী ঠিকানা থাকিতে হইবে।</p> <p>(খ) হালানাগাদ ট্রেড লাইসেন্স (আয়কর হালনাগাদ) থাকিতে হইবে।</p> <p>(গ) পশুখাদ্য সংরক্ষণের উপযোগী গুদামের ব্যবস্থা থাকিতে হইবে।</p>

তফসিল- ৪ (ক)
(বিধি-৭ দ্রষ্টব্য)
ডিম পাড়া মুরগির পুষ্টির আদর্শ পরিমাণ

পুষ্টির বিবরণ	একক	মাত্রা	লেয়ার মুরগির বয়স	
			২০-৪২ সপ্তাহ	৪২ থেকে শেষ সপ্তাহ পর্যন্ত
আর্দ্রতা	% খাদ্য	সর্বোচ্চ	১০.০০	১০.০০
মেটাবলাইজেবল এনার্জি	কিলো ক্যালরি/কেজি ডিএম	সর্বনিম্ন	২৭৫০	২৭৫০
ক্রুড প্রোটিন	% ডিএম	সর্বনিম্ন	১৭.২	১৬.২
এমইঃ প্রোটিন		সর্বনিম্ন	১৬০	১৭০
ক্যালসিয়াম	% ডিএম	সর্বনিম্ন	৩.৫১	৩.৭৩
ফসফরাস	% ডিএম	সর্বনিম্ন	০.৬১	০.৫৮
ফসফরাস (এভাইলেবল)	% ডিএম	সর্বনিম্ন	০.৪৩	০.৪১
খনিজ পদার্থ	% ডিএম	সর্বোচ্চ	০.৩০	০.৩০
এমাইনো এসিড	% ডিএম	-	-	-
লাইসিন	% ডিএম	-	০.৭৮	০.৭৮
মিথিওনিন	% ডিএম	-	০.৩৫	০.৩২
মিথিওনিন+ সিসটিন	% ডিএম	-	০.৬৮	০.৬৫
থ্রিওনিন	% ডিএম	-	০.৫৯	০.৫৪
ট্রিপটোফেন	% ডিএম	-	০.১৯	০.১৯

বিশেষ দ্রষ্টব্য: লেয়ার মুরগির জাত (দেশী, সংকর, বিদেশী) ও উৎস অনুযায়ী পুষ্টির আদর্শ পরিমাণ যুক্তিসংগতভাবে কম বেশী হতে পারে। পোল্ট্রি ব্রিডার্স এসোসিয়েশন অব বাংলাদেশ বা হ্যাচারী মালিকদের সাথে পরামর্শক্রমে সময়ে সময়ে পরিবর্তনীয়।

তফসিল- ৪ (খ)
(বিধি-৭ দ্রষ্টব্য)
ব্রয়লার মুরগির পুষ্টির আদর্শ পরিমাণ

পুষ্টির বিবরণ	একক	মাত্রা	ব্রয়লার মুরগি	
			স্টার্টার	ফিনিসার
আর্দ্রতা		সর্বোচ্চ	১০.০০	১০.০০
মেটাবলাইজেবল এনার্জি	কিলোক্যালরি/কেজি ডিএম	সর্বনিম্ন	২৮০০	২৮০০
ক্রুড প্রোটিন	% ডিএম	সর্বনিম্ন	২১.২০	১৮.৭০
এমইঃ প্রোটিন		সর্বনিম্ন	১৩২	১৫০
ক্যালসিয়াম	% ডিএম	সর্বনিম্ন	০.৮৪	০.৭৮
ফসফরাস	% ডিএম	সর্বনিম্ন	০.৭০	০.৬৫
ফসফরাস (এভাইলেবল)	% ডিএম	সর্বনিম্ন	০.৪২	০.৩৬
খনিজ পদার্থ	% ডিএম	সর্বনিম্ন	০.২৫	০.৩০
এম্যানো এসিড	% ডিএম	সর্বনিম্ন	-	-
লাইসিন	% ডিএম	-	৩.৭১	৩.৫০
মিথিওনিন	% ডিএম	-	১.৬১	১.২১
মিথিওনিন+ সিসটিন	% ডিএম	-	২.৭১	২.৫০
থ্রিউনিন	% ডিএম	-	২.৫০	২.২৯
ট্রিপটোফেন	% ডিএম	-	০.৭৮	০.৬১

বিশেষ দ্রষ্টব্য: ব্রয়লার মুরগির জাত (দেশী, সংকর, বিদেশী) ও উৎস অনুযায়ী পুষ্টির আদর্শ পরিমাণ যুক্তিসংগতভাবে কম বেশী হতে পারে। পোল্ট্রি ব্রিডার্স এসোসিয়েশন অব বাংলাদেশ বা হ্যাচারী মালিকদের সাথে পরামর্শক্রমে সময়ে সময়ে পরিবর্তনীয়।

তফসিল- ৪ (গ)

(বিধি-৭ দ্রষ্টব্য)

১. ব্রয়লার স্টার্টার ও ফিনিসার খাদ্যের ভিটামিনের আদর্শ পরিমাণ

পুষ্টির বিবরণ	একক	SCOTT		NRC		Recommended Levels	
		স্টার্টার	ফিনিসার	স্টার্টার	ফিনিসার	স্টার্টার	ফিনিসার
ভিটামিন এ	আই ইউ/কেজি	৮০০	৪০০০	৫০০০	১৫০০	৫০০০	১৫০০
ভিটামিন ডি ৩	আই ইউ/কেজি	৭১৫	১০০০	২০০	২০০	২০০	২০০
ভিটামিন ই	আই ইউ/কেজি	৩.৫৭	৫.০	১০.০	১০.০	১০.০	১০.০
ভিটামিন কে ৩	মিলিগ্রাম/কেজি	০.৭০	১.০	০.৫০	০.৫০	০.৫০	০.৫০
ভিটামিন বি ১	মিলিগ্রাম/কেজি	০.৭০	১.৫০	১.৮০	১.৮০	১.৮০	১.৮০
ভিটামিন বি ২	মিলিগ্রাম/কেজি	১.৪০	৩.০	৩.৬০	৩.৬০	৩.৬০	৩.৬০
নিয়াসিন	মিলিগ্রাম/কেজি	১২.০	১৫.০	২৭.০	২৭.০	২৭.০	২৭.০
প্যানটোথিনিক এসিড	মিলিগ্রাম/কেজি	৪.৬০	১০.০	১০.০	১০.০	১০.০	১০.০
ভিটামিন বি ৬	মিলিগ্রাম/কেজি	১.৪০	৩.০	৩.০	৩.০	৩.০	৩.০
ভিটামিন বি ১২	মিলিগ্রাম/কেজি	৩.৬০	৫.০	৯.০	৯.০	৯.০	৯.০
ফলিক এসিড	মিলিগ্রাম/কেজি	০.৪৩	০.২৫	০.৫৫	০.৫৫	০.৫৫	০.৫৫
বায়োটিন	মিলিগ্রাম/কেজি	০.০৫	০.১০	০.১৫	০.১৫	০.১৫	০.১৫
ক্রোরিন	মিলিগ্রাম/কেজি	৪২৫	৫০০	১৩০০	১৩০০	১৩০০	১৩০০

২. বাড়মত্ন, ডিম পাড়া ও প্রজননের মুরগির খাদ্যের ভিটামিনের আদর্শ পরিমাণ।

পুষ্টির বিবরণ	একক	SCOTT			NRC			Recommended Levels		
		গ্রোয়ার	লেয়ার	ব্রিডার	গ্রোয়ার	লেয়ার	ব্রিডার	গ্রোয়ার	লেয়ার	ব্রিডার
ভিটামিন এ	আই ইউ/কেজি	৪০০০	৬০০০	১১০০০	১৫০০	৪০০০	৪০০০	১৫০০	৪০০০	৪০০০
ভিটামিন ডি ৩	আই ইউ/কেজি	১০০০	১০০০	১০০০	২০০	৫০০	৫০০	২০০	৫০০	৫০০
ভিটামিন ই	আই ইউ/কেজি	৫.০	৫.০	১৫.০	৫.০	৫.০	১০.০	৫.০	৫.০	১০.০
ভিটামিন কে	মিলিগ্রাম/কেজি	১.০	১.০	২.০	০.৫০	০.৫০	০.৫০	০.৫০	০.৫০	০.৫০
ভিটামিন বি	মিলিগ্রাম/কেজি	১.৫০	১.৫০	২.০	১.৩০	০.৮০	০.৮০	১.৩০	০.৮০	০.৮০
ভিটামিন বি ২	মিলিগ্রাম/কেজি	৩.০	৪.০	৪.০	১.৮০	২.২০	৩.৮০	১.৮০	২.২০	৩.৮০
নিয়াসিন	মিলিগ্রাম/কেজি	১৫.০	১২.০	১৫.০	১১.০	১০.০	১০.০	১১.০	১০.০	১০.০
প্যানটোথিনিক এসিড	মিলিগ্রাম/কেজি	১০.০	৩.০	১২.০	১০.০	২.২০	১০.০	১০.০	২.২০	১০.০
ভিটামিন বি ৬	মিলিগ্রাম/কেজি	৩.০	৩.০	৪.৫০	৩.০	৩.০	৪.৫০	৩.০	৩.০	৪.৫০
ভিটামিন বি ১২	মিলিগ্রাম/কেজি	৫.০	৫.০	৬.০	৩.০	৪.০	৪.০	৩.০	৪.০	৪.০
ফলিক এসিড	মিলিগ্রাম/কেজি	০.২৫	০.২৫	০.৪০	০.২৫	০.২৫	০.৩৫	০.২৫	০.২৫	০.৩৫

বায়োটিন	মিলিগ্রাম/কে জি	০.১০	০.১০	০.১৫	০.১০	০.১০	০.১৫	০.১০	০.১০	০.১৫
ক্রোরিন	মিলিগ্রাম/কে জি	৫০০	৫০০	৫০০	৫০০	-	-	৫০০	-	-

SCOTT= Scott's Nutrition of the Chicken (4th edition) by S. Leeson and J.D. Summers

NRC= National Research Council, Washington D.C., USA

তফসিল- ৪ (ঘ)

(বিধি-৭ দ্রষ্টব্য)

লেয়ার গ্রোয়ার মুরগির খাদ্যের পুষ্টির আদর্শ পরিমাণ

পুষ্টির বিবরণ	একক	মাত্রা	লেয়ার মুরগির বয়স (সপ্তাহ)		
			স্টার্টার (০-৫ সপ্তাহ)	গ্রোয়ার (৫-১০ সপ্তাহ)	পুলেট ডেভেলপার (১০-২০ সপ্তাহ)
আর্দ্রতা	% খাদ্য	সর্বোচ্চ	১০.০০	১০.০০	১০.০০
মেটাবোলাইজেবল এনার্জি	কিলো ক্যালরি/ কেজি ডিএম	সর্বনিম্ন	২৮০০	২৭৫০	২৭০০
ক্রুড প্রোটিন	% ডিএম	সর্বনিম্ন	১৯.৬০	১৬.০	১৪.৩০
এমইঃ প্রোটিন	-	সর্বনিম্ন	১৪৩	১৭২	১৮৯
ক্যালসিয়াম	% ডিএম	সর্বনিম্ন	০.৯৮	১.১৬	০.৯৫
ফসফরাস (মোট)	% ডিএম	সর্বনিম্ন	০.৬৭	০.৬৩	০.৬৩
ফসফরাস (এভাইল্যাবল)	% ডিএম	সর্বনিম্ন	০.৪৮	০.৪৪	০.৪৫
খনিজ পদার্থ	% ডিএম	সর্বোচ্চ	০.২৫	০.৩৪	০.২০
লাইসিন	% ডিএম	-	০.৯০	০.৬৯	০.৭০
মিথিওনিন	% ডিএম	-	০.৩৬	০.৩৩	০.৩৪
মিথিওনিন+ সিষ্টিন	% ডিএম	-	০.৭০	০.৫৮	০.৫৮
থ্রিওনিন	% ডিএম	-	০.৬৭	০.৫৫	০.৫৬
ট্রিপটোফেন	% ডিএম	-	০.২০	০.১৭	০.১৬

বিশেষ দ্রষ্টব্য: লেয়ার গ্রোয়ার মুরগির জাত (দেশী, সংকর, বিদেশী) ও উৎস অনুযায়ী পুষ্টির আদর্শ পরিমাণ যুক্তিসংগতভাবে কম বেশী হতে পারে। পোল্ট্রি ব্রিডার্স এসোসিয়েশন অব বাংলাদেশ বা হ্যাচারী মালিকদের সাথে পরামর্শক্রমে সময়ে সময়ে পরিবর্তনীয়।

তফসিল- ৪ (ঙ)

(বিধি-৭ দ্রষ্টব্য)

বিভিন্ন বয়সের বাণিজ্যিক লেয়ার মুরগির পুষ্টি তালিকা

(ক) বাড়মত্ন মুরগি

পুষ্টির বিবরণ	একক	স্টার্টার (০-৫ সপ্তাহ)	গ্রোয়ার (৫-১০ সপ্তাহ)	পুলেট/ডেভেলপার (১০- ১৬ সপ্তাহ)
মেটাবোলাইজেবল এনার্জি	কিলো ক্যালরি/কেজি	২৯৫০-৩০১০	২৮০০-২৯৫০	২৭৫০-২৮৫০
ক্রুড প্রোটিন	%	২০.৫-২১.৫	১৭.৫-২০.০	১৬.৫-১৬.৮
মিথিওনিন	%	০.৪৩-০.৫২	০.৩৬-০.৪৭	০.৩৪-০.৩৫
মিথিওনিন ও সিষ্টিন	%	০.৭৭-০.৮৬	০.৬৫-০.৮০	০.৫৮-০.৬৩
লাইসিন	%	১.০৭-১.১৬	০.৮৮-১.০৩	০.৭৬-০.৭৮
ট্রিপটোফেন	%	০.২১-০.২২	০.১৯-০.২০	০.১৬-০.১৭
থ্রিওনিন	%	০.৭৫-০.৭৮	০.৬৭-০.৬৯	০.৫৩-০.৬০
আইসোলিওসিন	%	০.৯০-০.৯৫	০.৮২-০.৮৫	০.৭২-০.৭৫
আরজিনিন	%	১.০-১.১৫	০.৯৪-১.০	০.৮৮-০.৯০
লিনোলিনিক এডিস	%	১.২-১.৩	১.০-১.১০	১.০-১.১০
অতিরিক্ত তেল	%	১.০-১.২৫	০.৫০-০.৬০	০.৫০-০.৬০
মেজর মিনারেলস				
ক্যালসিয়াম	% এর কম নয়	১.০৫	০.৯০	০.৯৫
ফসফরাস (এভাইল্যাবল)	% এর কম নয়	০.৪৮	০.৪৪	০.৩৮
ক্লোরিন	% এর কম নয়	০.১৫-০.১৭	০.১৫-০.১৭	০.১৫-০.১৭
সোডিয়াম	% এর কম নয়	০.১৫-০.১৮	০.১৫-০.১৮	০.১৫-০.১৮
এডেড ট্রেস মিনারেল/কেজি				

ম্যাঙ্গানিজ	পিপিএম	৫০-৬০	৫০-৬০	৫০-৬০
জিংক	পিপিএম	৪০-৬০	৪০-৬০	৪০-৬০
আয়রন	পিপিএম	৩৫-৬০	৩৫-৬০	৩৫-৬০
কপার	পিপিএম	৫-১০	৫-১০	৫-১০
আয়োডিন	পিপিএম	০.৩৫-১.০	০.৩৫-১.০	০.৩৫-১.০
সেলিনিয়াম	পিপিএম	০.২-৩০	০.২-৩০	০.২-৩০
এডেড ভিটামিন/কেজি				
ভিটামিন এ	আই ইউ	১০০০০-১৩০০০	১০০০০-১৩০০০	১০০০০
ভিটামিন ডি ৩	আই ইউ	৩০০	৩০০	২০০০-৩০০০
ভিটামিন ই	আই ইউ	২০-২৫	২০-২৫	২০-২৫
ভিটামিন কে ৩	মিলি গ্রাম	২.০-২.২	২.০-২.২	২.০-২.২
ভিটামিন বি ২	মিলি গ্রাম	৫.০-৫.৫	৫.০-৫.৫	৫.০-৫.৫
ভিটামিন বি ১২	মিলি গ্রাম	০.০১-০.০২	০.০১-০.০২	০.০১-০.০২
থায়াসিন	মিলি গ্রাম	৩৫-৬০	৩৫-৬০	৩৫-৬০
ভিটামিন বি ১	মিলি গ্রাম	২.০-২.১	২.০-২.১	২.০-২.১
ভিটামিন বি ৬	মিলি গ্রাম	৪.৫-৫.০	৪.৫-৫.০	৪.৫-৫.০
প্যানটোথেনিক এসিড	মিলি গ্রাম	১২-১৫	১২-১৫	১২-১২
ফলিক এসিড	মিলি গ্রাম	০.৫	০.৫	০.৫০-০.৭৫
বায়োটিন	মিলি গ্রাম	০.১-০.২০	০.১-০.২০	০.১-০.২০
ক্রোরিন ক্রোরাইড	মিলি গ্রাম	৬০০-১৩০০	৬০০-১৩০০	৫০০-১৩০০

(খ) প্রি-লেয়ার

উপাদান	একক	প্রিলেয়ার ১৬-প্রথম ডিম পাড়া পর্যন্ত	লেয়ার-১ প্রথম ডিম পাড়া থেকে ৩০ সপ্তাহ পর্যন্ত	লেয়ার-২ ৩১-৪২ সপ্তাহ পর্যন্ত	লেয়ার-৩ ৪৩ সপ্তাহ থেকে ৮০% ডিম পাড়া পর্যন্ত	লেয়ার-৪ ৮০% ডিম পাড়ার নিচে
মেটাবোলাইজবল এনার্জি	কিলো ক্যালরি/কেজি	২৭৫০-২৯১০	২৮৮০-২৯৬০	২৮৬০-২৯২৫	২৮২০-২৯১০	২৮২০-২৯১০
ক্রুড প্রোটিন	%	১৭.৫	১৮.৭	১৮.০	১৮.৫	১৬.০
মিথিওনি	%	০.৩৬-০.৩৮	০.৪৩	০.৪১-০.৩৮	০.৩৯-০.৩৭	০.৩৫
মিথিওনি ও সিষ্টিন	%	০.৬২-০.৬৮	০.৭১	০.৬৭-০.৭০	০.৬৩-০.৬৬	০.৬১
লাইসিন	%	০.৮০-৮৭	০.৮৮	০.৮৫	০.৮১	০.৭৮
ট্রিপটোফেন	%	০.১৮-১৯	০.২১-২২	০.১৯-০.২০	০.১৮-০.১৯	০.১৭
থ্রিওনি	%	০.৫৬-৬১	০.৬৭-৬৯	০.৬৪-০.৬৭	০.৬-০.৬২	১.৫৯
লিনোলেনিক এসিড	%	১.১০	১.৩০	১.২৫	১.২০	১.১০
অতিরিক্ত তেল	%	০.৫-১.০	১.০-৩.০	০.৫-১.০	০.৫-১.০	০.৫-১.০
মেজর মিনারেল						
ক্যালসিয়াম	%এর কম নয়	২.০	৩.৯৫	৪.০	৪.১৫	৪.২০
ফসফরাস (এভাইল্যাবল)	%এর কম নয়	০.৪৭	০.৪৬	০.৪৪	০.৪২	০.৩৮
ক্রোরিন	%এর কম নয়	০.১৫-০.১৬	০.১৬	০.১৫	০.১৫	০.১৫
সোডিয়াম	%এর কম নয়	০.১৫-০.১৮	০.১৭-০.১৯	০.১৬-০.১৮	০.১৫-০.১৮	০.১৫
এডেড ট্রেস মিনারেল/কেজি						
ম্যাঙ্গানিজ	পিপিএম	৬০-৬৫	৬০-৬৫	৬০-৬৫	৬০-৬৫	৬০-৬৫
জিংক	পিপিএম	৫০-৬০	৫০-৬০	৫০-৬০	৫০-৬০	৫০-৬০
আয়রন	পিপিএম	৩৫-৬০	৩৫-৬০	৩৫-৬০	৩৫-৬০	৩৫-৬০
কপার	পিপিএম	৫.০-৬.০	৫.০-৬.০	৫.০-৬.০	৫.০-৬.০	৫.০-৬.০

আয়োডিন	পিপিএম	০.৫-১.০	০.৫-১.০	০.৫-১.০	০.৫-১.০	০.৫-১.০
সেলিনিয়াম	পিপিএম	০.২-০.৩০	০.২-০.৩০	০.২-০.৩০	০.২-০.৩০	০.২-০.৩০
এডেড ভিটামিন/কেজি						
ভিটামিন এ	আই ইউ	১০০০০	১০০০০	১০০০০	১০০০০	১০০০০
ভিটামিন ডি ৩	আই ইউ	২০০০-৩০০০	২০০০-৩০০০	২০০০-৩০০০	২০০০-৩০০০	২০০০
ভিটামিন ই	আই ইউ	২০-২৫	২০-২৫	২০-২৫	২০-২৫	২০-২৫
ভিটামিন কে ৩	মিলি গ্রাম	২.০	২.০	২.০	২.০	২.০
ভিটামিন বি ২	মিলি গ্রাম	৫.০	৫.০	৫.০	৫.০	৫.০
ভিটামিন বি ১২	মিলি গ্রাম	০.০০৮-০.০১	০.০০৮-০.০১	০.০০৮-০.০১	০.০০৮-০.০১	০.০০৮
নায়াসিন	মিলি গ্রাম	২৫-৩০	২৫-৩০	২৫-৩০	২৫-৩০	২৫-৩০
ভিটামিন বি ১	মিলি গ্রাম	২.০	২.০	২.০	২.০	২.০
ভিটামিন বি ৬	মিলি গ্রাম	৩.০-৫.০	৩.০-৫.০	৩.০-৫.০	৩.০-৫.০	৩.০-৫.০
প্যানটোথেনিক এসিড	মিলি গ্রাম	১০-১১	১০-১১	১০-১১	১০-১১	১০-১১
ফলিক এসিড	মিলি গ্রাম	০.৫০-০.৭৫	০.৫০-০.৭৫	০.৫০-০.৭৫	০.৫০-০.৭৫	০.৫০
বায়োটিন	মিলি গ্রাম	০.১০-০.১৫	০.১০-০.১৫	০.১০-০.১৫	০.১০-০.১৫	০.১০
ক্রোরিন ক্লোরাইড	মিলি গ্রাম	৫০০-৫৫০	৫০০-৫৫০	৫০০-৫৫০	৫০০-৫৫০	৫০০-৫৫০

বিশেষ দৃষ্টব্য: পোল্ট্রি ব্রিডার্স এসোসিয়েশন অব বাংলাদেশ কর্তৃক বিভিন্ন বয়সের বাণিজ্যিক লেয়ার মুরগির পুষ্টি তালিকা যুক্তিসংগতভাবে কম বেশী হতে পারে।

তফসিল- ৪ (চ)

(বিধি-৭ দ্রষ্টব্য)

বিভিন্ন বয়সের লেয়ার প্যারেন্ট স্টকের পুষ্টি তালিকা

উপাদান	একক	স্টার্টার	গ্রোয়ার	লেয়ার
মেটাবোলাইজবল এনার্জি	কিলো ক্যালরি/কেজি ডিএম	২৮৫০-৩০৪০	২৭০০-২৮৯০	২৭০০-২৮৯০
ক্রুড প্রোটিন	%	১৯-২১.৫	১৭-১৯	১৬-১৯
মিথিওনি	%	০.৩৬-০.৫২	০.৩৩-০.৪৫	০.৩৪-০.৪৩
মিথিওনি ও সিষ্টিন	%	০.৭২-০.৮৬	০.৫৭-০.৭৬	০.৬০-০.৭২
লাইসিন	%	০.৯৫-১.৫২	০.৭২-০.৯৮	০.৭২-০.৮৮
থ্রিওনি	%	০.৭০-০.৭৬	০.৫০-০.৬৭	০.৫৭-০.৭০
ট্রিপটোফেন	%	০.২০-০.২২	০.১৬-০.১৯	০.১৬-০.২১
লিনোলেনিক এসিড	%	১.১-১.৫	০.৮০-১.২৫	১.১-১.৫০
আইসোলিওসিন	%	০.৯০	০.৭২-০.৭৮	-
আরজিনিন	%	১.০৫-১.১৫	১.০৫-১.১৫	০.৮৩-০.৮৮
অতিরিক্ত তেল	%	১	০.৫০-১.০	০-৩
মেজর মিনারেল কনটেন্ট				
ক্যালসিয়াম	% এর কম নয়	১.১- ২.০	০.৯০-২.৫০	২.২৫-৪.৩০
ফসফরাস (এভাইল্যাবল)	% এর কম নয়	০.৪৫-০.৫৫	০.৩৬-০.৫৫	০.৩৮-০.৫২
ক্রোরিন	% এর কম নয়	০.১৫	০.১৫	০.১৫-০.২৫
সোডিয়াম	% এর কম নয়	০.১১-০.১৯	০.১১-০.১৯	০.১৫-০.১৯
এডেড ট্রেস মিনারেল/কেজি				
ম্যাগ্নানিজ	পিপিএম	৪৫-১০০	৪৫-১০০	৬০-৬৬
জিংক	পিপিএম	৪০-৮০	৪০-৮০	৫০-৭০
আয়রন	পিপিএম	৩৫-৬০	৩৫-৬৫	৩৫-৬০
কপার	পিপিএম	.৩৫-১.০	.৩৫-১.০	.৩৫-১.০
আয়োডিন	পিপিএম	৫-১০	৫-১০	৫-৮
সেলিনিয়াম	পিপিএম	০.২০-.৪০	০.২০-.৪০	০.৩০
এডেড ভিটামিন/কেজি				
ভিটামিন এ	আই ইউ	৮,০০-১৫,০০০	৮,০০-১৫,০০০	১০,০০-১৪,০০০
ভিটামিন ডি ৩	আই ইউ	২০০০-৩৭৫০	২০০০-৩০০০	২৫০০-৩০০০
ভিটামিন ই	আই ইউ	২০-৪৫	২০-৩৫	২০-৪০
ভিটামিন কে ৩	মিলি গ্রাম	২-৬	২-৩	২-৩
ভিটামিন বি ২	মিলি গ্রাম	৪.১৫	৩.১০	৫.৮
ভিটামিন বি ১২	মিলি গ্রাম	০.০১-০৪	০.০৮-০৩	০.০৮-০৩
নায়াসিন	মিলি গ্রাম	৩৫-৬০	২৫-৬০	৩৫-৫০
ভিটামিন বি ১	মিলি গ্রাম	১.৫-৩	১.৫-৩	২-৩
ভিটামিন বি ৬	মিলি গ্রাম	৩-৬	৩-৪.৫	৩-৫.৫
প্যানটোটেনিক এসিড	মিলি গ্রাম	১০-১২	৫-১২	১০-১৫
ফলিক এসিড	মিলি গ্রাম	০.৫০-১.২০	০.৫০-১.০	০.৫০-১.২০
বায়োটিন	মিলি গ্রাম	০.১-০.২৫	০.১-০.২৫	০.১-০.২৫
ক্রোরিন ক্লোরাইড	মিলি গ্রাম	৫০০-১৩০০	৫০০-১৩০০	৭০০-১০০০

বিশেষ দ্রষ্টব্য: পোল্ট্রি ব্রিডার্স এসোসিয়েশন অব বাংলাদেশ বা প্যারেন্ট স্টক কোম্পানী কর্তৃক বিভিন্ন বয়সের লেয়ার প্যারেন্ট স্টকের পুষ্টি তালিকা যুক্তিসংগতভাবে কম বা বেশী হতে পারে।

তফসিল- ৪ (ছ)

(বিধি-৭ দ্রষ্টব্য)

বিভিন্ন বয়সের বাণিজ্যিক বয়লার মুরগির পুষ্টি তালিকা

উপাদান	একক	স্টার্টার ০-২১ দিন পর্যন্ত	গ্রোয়ার ২২-৩৭ দিন পর্যন্ত	ব্রিডার ৩৮ দিন
মেটাবোলাইজেবল এনার্জি	কিলো ক্যালরি/কেজি ডিএম	৩০০০-৩১০০	৩০৫০-৩২০০	৩১০০-৩২০০
ক্রুড প্রোটিন	%	২১-২৩	১৯-২১	১৮-২০
ক্রুড ফ্যাট	%	৫.০-৭.০	৫.০-৭.০	৫.০-৭.০
লিনোলেনিক এসিড	%	০.৯৫-১.০	০.৯৫-১.০	০.৯৫-১.০
এন্টি অক্সিডেন্ট	মিলি গ্রাম/কেজি	১২০-১৫০	১২০-১৫০	১২০-১৫০
এ্যামাইনো এসিড				
মিথিওনি	%	০.৪৭-০.৫	০.৪৪-০.৪৯	০.৩৮-০.৪৭
মিথিওনি ও সিষ্টিন	%	০.৯০-০.৯৩	০.৮২-০.৮৯	০.৭৫-০.৮৬
লাইসিন	%	১.০৬-১.২৫	০.৯৮-১.১৫	০.৯০-১.০৫
ট্রিপটোফেন	%	০.০২-০.২৪	০.১৮-০.২১	০.১-০.১৮
থ্রিওনি	%	০.৭০-০.৮০	০.৬৭-০.৭৬	০.৬৩-০.৭০
আরজিনিন	%	১.২৮-১.৪০	১.২০-১.২৫	০.৯৬-১.০৫
মেজর মিনারেল কনটেন্ট				
ক্যালসিয়াম	% এর কম নয়	০.৯০	০.৯০	০.৮০
ফসফরাস (এভাইল্যাবল)	% এর কম নয়	০.৪৩	০.৩৯	০.৩৫
